


- ২। নামে প্রেমে ঐক্য করে, লুটাইতেছে ডঙ্কা মেরে,
শঙ্কা কি আছে ।
গৌসাই তারকচাঁদ সেই হরিলীলার পরোয়ানা যাচে ॥
- ৩। হরিনামের ডঙ্কা শুনে, শমন রাজার শঙ্কা মনে,
মরণ লয়েছে ।
এবার চিত্রগুপ্ত লেখা ছেড়ে অধোমুখে বসে আছে ॥
- ৪। গৌসাই গোপালচাঁদ সেই সন্ধান বুঝে, হরি প্রেমসিদ্ধু মাঝে
ডুবে রয়েছে ।
অধম অভয় তার ভাব না বুঝে হাবুডুবু খেতেছে ॥



১৬ নং

—অভয়চমণ কবিরাজ

তাল—কাওয়ালী

রাগিনী—পুরবী

তারে ত্বারে নাথ অধম তারণ ।

জীব তরাইতে, অবনীতে, ওড়াকান্দী আগমন ॥

- ১। অনন্ত করুণা তব, কেমনে আমি বুঝিব,
পড়ে আছি মরা শব, প্রাণহীন দেহমন ॥
- ২। বারে বারে অবতার, প্রয়োজন নাহি আর,
স্বমুখে করিল স্বীকার, তারক গোলক প্রাণধন ॥
- ৩। দীন হীন জ্যাস্তে মরা, পিছে পড়ে ছিল যারা,
পেয়ে তব কৃপাধারা, মরা দেহে পেল প্রাণ ॥
- ৪। হরিচাঁদরূপে এলে, গুরুচাঁদে লুকাইলে,
প্রেমধারা ঢেলে দিলে, উদ্ধারিল বিশ্বজন ॥
- ৫। ডেকে বলে শ্রীগোপাল, নারীর মোহে জীব ম'ল,
মহানন্দ ঢলে প'ল, অকালে হারায় জীবন ॥

—মহানন্দ হালদার